দৈনিক বাংলা

তারিখ 1 MAR 1989
পৃষ্ঠা 2 কলাম 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

002

ঢাকা, বুধবার, ২৭শে ফাল্গুন, ১৩

# চাখারে মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র চালু রাখার দাবী

মরহুম শেরে বাংলা এ কে ফজলুল হকের পুত্র এ কে ফায়জুল হক এক বিবৃতিতে চাখার মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রটি বহাল রাখার দাবী জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেনঃ বৃহত্তর বরিশাল জেলার সদর দফতরের বাইরে একমাত্র পরীক্ষা কেন্দ্র হিসাবে চাখার কেন্দ্র দীর্ঘ ৪২ বছর ধরে সুষ্ঠুভাবে চলে আসছে। এই কেন্দ্রে প্রায় ৩ হাজার ছাত্র-ছাত্রীর আসন ব্যবস্থা ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিদ্যমান।

বিবৃতিতে তিনি শেরে বাংলার প্রতিষ্ঠিত এই পরীক্ষা কেন্দ্রটি বহাল রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।